ইত্তেফাক

তারিখ ৩১/১/৮৫ পৃষ্ঠা ১ কলাম ৫

003

# গ্রাম-গঞ্জের প্রাথমিক শিক্ষার্থীরা আজও বই পায় নাই

। গিয়াস উদ্দিন আহমদ ।

চলতি শিক্ষা বৎসরে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বিভিন্ন পাঠ্য বিষয়ে প্রায় তিন কোটি পুস্তকের মধ্যে এ পর্যন্ত মাত্র কিছুসংখ্যক পুস্তক ঢাকা শহরের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হইয়াছে। গ্রাম গঞ্জের ছাত্র-ছাত্রীদের মধ্যে এ পর্যন্ত কোন পুস্তকই সরবরাহ করা হয় নাই।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের একটি সূত্রে জানা গিয়াছে, ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে যে তিন কোটি পুস্তক সরবরাহের কথা ছিল, উক্ত পুস্তকের মধ্যে এ পর্যন্ত এক কোটি পুস্তকের ছাপার কাজ সবেমাত্র শেষ হইয়াছে, বাদবাকী দুই কোটি পুস্তক ছাপাখানা হইতে আসিতে মার্চও শেষ হইয়া যাইবে। দেশের কোন কোন এলাকায় প্রথম শ্রেণীর অংক ও দ্বিতীয় শ্রেণীর অংক বই প্রেরণ করা হইয়াছে। কিন্তু উপজেলা শিক্ষা অফিস হইতে এখনও তাহা বিতরণ শুরু হয় নাই।

উল্লেখ্য, ইউনিসেফের সাহায্যে দেশের প্রায় ৩৭ হাজার প্রাইমারী স্কুলের ৮৭ লক্ষ ছাত্র-ছাত্রীর মধ্যে বিনামূল্যে পুস্তক সরবরাহ করা হইবে। উক্ত পুস্তক ছাপা ও সরবরাহ করিতে ইউনিসেফের প্রায় ১৪ কোটি টাকা ব্যয় হইবে। পুস্তক মুদ্রণ ও বিলিবণ্টনে বিলম্বের হেতু সম্পর্কে প্রাথমিক শিক্ষা পরি-

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বই পায় নাই

(১ম পৃঃ পর)

দপ্তরের সহিত যোগাযোগ করিয়া জানা গিয়াছে, কর্ণফুলী পেপার মিল নির্ধারিত সময়ে কাগজ সরবরাহ করিতে পারে নাই। পেপার মিল সূত্র জানায়, কাগজ তৈয়ারীর জন্য বাঁশ সংগ্রহে সংকট দেখা দেয় এবং কাগজ তৈয়ারীর কাজে ব্যবহৃত বিদেশ হইতে আমদানীকৃত পাল্প সুয়েজ খালে সাময়িকভাবে আটকা পড়ে বলিয়াই নির্ধারিত সময়ে কাগজ সরবরাহ করা সম্ভব হয় নাই। পুস্তক সরবরাহে সমস্যার কথা চিন্তা করিয়া প্রাথমিক শিক্ষা পরিদপ্তর ছাত্রদের নিকট হইতে পুরাতন পুস্তক সংগ্রহের জন্য শিক্ষকদের নির্দেশ দেন। ইতিমধ্যে কিছু কিছু পুস্তক সংগ্রহ হইলেও গত এক বৎসরে অনেক পুস্তকের পাতা ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে। ফলে সংগৃহীত পুস্তকের মধ্যে অনেক পুস্তকই পুনরায় ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা সম্ভব নয় বলিয়া শিক্ষকরা জানান।